ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ২য় পরিষদের ১৭তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ ।। ২৭ অক্টোবর ২০২২ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান | : | হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

১.১ পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং ৫৩ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নাসির উদ্দিন। অতপর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র "ব্লুমবার্গ ফিলানথ্রপিস অ্যাওয়ার্ড-২০২২" লাভ করায় সভার পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

১.২ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। "ব্লুমবার্গ ফিলানথ্রপিস অ্যাওয়ার্ড-২০২২" লাভ করায় তিনি মহান রাব্বুল আলামিনের কাছে শুকরিয়া জানান এবং সেই সাথে করতালির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীকে ডিএনসিসি'র কর্পোরেশন সভা থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভাকে জানান যে, পৃথিবীজুড়ে জলবায়ুর সংকট মোকাবেলায় বিশ্বের বিভিন্ন দেশের মেয়রদের নিয়ে গঠিত প্লাটফর্ম সি-৪০। এ প্লাটফর্মে বিশ্বের ১২২ টি শহরের মেয়রগণ যুক্ত রয়েছেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র উক্ত প্লাটফর্মের এক্সিকিউটিভ সদস্য নির্বাচিত হয়েছে। তিনি আরও বলেন, জলবায়ুর স্থিতিস্থাপকতা নির্মাণ করতে ঐক্যবদ্ধ ক্যাটাগরিতে এ পুরস্কার লাভ করেছেন। এ পুরস্কার সারা বিশ্বে বাংলাদেশের নাম উজ্জল করেছে উল্লেখ করে তিনি সভাকে জানান উন্মুক্ত স্থানে পার্ক, খেলার মাঠ ও বিভিন্ন উন্নয়ন কার্যক্রম গ্রহণের জন্য এ পুরস্কার প্রদান করা হয়েছে। উক্ত কাজগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য, সম্মানিত কাউন্সিলর এবং ডিএনসিসি'র কর্মকর্তা/কর্মচারীগণকে তিনি ধন্যবাদ জানান।

তিনি আরও বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন রোড সেফটি নিয়ে কাজ করছে। ব্লুমবার্গ ও ডিএনসিসি'র মধ্যে এ বিষয়ে একটি MoU স্বাক্ষরিত হয়েছে। সভাপতি বলেন, ০৩ (তিন) বছর পর পর ব্লুমবার্গ ফিলানথ্রপিস পুরস্কার প্রদান করা হয়। ডিএনসিসি'র পরবর্তী প্রকল্প স্কুল বাস। ঢাকার ০৪ (চার) টি স্কুল নিয়ে এ কাজ শুরু করা হয়েছে।

তিনি বলেন, এ পুরস্কার অর্জনের মাধ্যমে ডিএনসিসি'র দায়িত্ব বেড়ে গেলো। ডিএনসিসি'র এ অগ্রগামিতাকে এগিয়ে নিয়ে যেতে আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় সকলের সহযোগিতা কামনা করে তার সূচনা বক্তব্য শেষ করেন।

১.৩ এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডাভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা হয়:

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ। |
| আলোচনা | : | বিগত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৬ তম কর্পোরেশনসভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | | বিবিধ ৪.১(৫) (ক) আংশিক সংশোধন করতঃ "ডিএনসিসি'র আওতাধীন মিরপুর ও মোহাম্মদপুরে বসবাসরত বিহারীদের দ্রুততম সময়ের মধ্যে পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-৫ কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২য় পরিষদের ১৬ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | বিবিধ ৪.১(৫) (ক) আংশিক সংশোধন করতঃ "ডিএনসিসি'র আওতাধীন মিরপুর ও মোহাম্মদপুরে বসবাসরত বিহারীদের দ্রুততম সময়ের মধ্যে পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-৫ কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২য় পরিষদের ১৬ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২ | : | ২য় পরিষদের ১৬ তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি। |
| আলোচনা | : | বিগত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৬ তম কর্পোরেশন সভার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়।<br><br>সভাপতি বলেন, মিরপুরে ৬,৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত রূপনগর খালের উপর বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক দেয়াল নির্মাণ করা হয়েছে। জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ও বিসিআইসির সাথে সভা করে দ্রুততম সময়ের মধ্যে দেয়াল অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট কাউন্সিলরকে অনুরোধ করেন। এছাড়াও দখলকৃত খাল উদ্ধারের বিষয়ে সম্পত্তি বিভাগ হতে পত্র প্রেরণ করা হবে মর্মে সভাকে জানান।<br><br>তিনি আরও বলেন, বিহারীদের পুনর্বাসনের জন্য সম্পত্তি বিভাগকে সম্মানিত কাউন্সিলরদের সমন্বয়ে সরকারি খাসজমির তালিকা তৈরি করে আগামী ০৭ দিনের মধ্যে প্রস্তাবনা দাখিলের অনুরোধ করেন।<br><br>এছাড়াও তিনি সভাকে বলেন যে, ডিটেইল এরিয়া ম্যাপ (ড্যাপ) অনুযায়ী সরকারি খাস জায়গা উদ্ধার করা হবে। ড্যাপ এর নকশা সকল সম্মানিত কাউন্সিলরগণকে সংগ্রহ করার অনুরোধ করেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৩ | : | ওয়ার্ডভিত্তিক রাজস্ব আদায় বৃদ্ধির মাধ্যমে সাবলম্বী হওয়া এবং কর সমতায়ন, নয়াবাদী ও হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম গ্রহণের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন। |
| আলোচনা | : | সচিব সভাকে জানান যে, ডিএনসিসি'র সাবলম্বী হওয়ার নিমিত্ত রাজস্ব আদায় বৃদ্ধির জন্য প্রত্যেক ওয়ার্ডে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে ১৫দিন অন্তর অন্তর সভা আয়োজন করা হবে। সভায় সংশ্লিষ্ট কাউন্সিলর, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, কর কর্মকর্তা, উপকর কর্মকর্তাসহ রাজস্ব আদায়ে জড়িত সকলে উপস্থিত থাকবে। প্রধান রাজস্ব কর্মকর্তা ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেএবং সভার প্রতিবেদন দাখিল করবে।<br><br>সভাপতি সভাকে জানান যে, সরকার কর্তৃক উন্নয়ন কার্যক্রমে অর্থ বরাদ্দের ক্ষেত্রে ৫০% ম্যাচিং ফান্ড এর শর্ত প্রদান করা হয়েছে। ৫০% শতাংশ অর্থ প্রদান ছাড়া কোন প্রকল্প পাস হবেনা। রাজস্ব আদায় বৃদ্ধি ছাড়া উন্নয়নমূলক কাজ করা সম্ভব নয়। তিনি সম্মানিত |

| | | |
|---|---|---|
| | | কাউন্সিলরদের প্রতি মাসে ০২ টি সভা করে রাজস্ব আদায়ের সমস্যাগুলো চিহ্নিত করা এবং সমাধানের সুপারিশ প্রদানের অনুরোধ করেন। |
| সিদ্ধান্ত | : | ওয়ার্ডভিত্তিক রাজস্ব আদায় বৃদ্ধির মাধ্যমে সাবলম্বী হওয়া এবং কর সমতায়ন, নয়াবাদী ও হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম গ্রহণের জন্য ১৫ দিন অন্তর অন্তর প্রত্যেক ওয়ার্ডে সভা আয়োজন করতে হবে। |
| বাস্তবায়ন | : | সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৪ | : | এডিস মশা ও কিউলেক্স মশা ধ্বংসের জন্য SOP তৈরি এবং জলাশয় পরিষ্কারের তদারকি কাজে কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্তকরণ প্রসঙ্গে। |
| আলোচনা | : | সচিব সভাকে জানান যে, ০১-৩০ নভেম্বর এডিস মশা ও কিউলেক্স মশা ধ্বংসের জন্য ওয়ার্ড ভিত্তিক ব্যাপক কার্যক্রম গ্রহণের জন্য SOP তৈরি করা হবে। এছাড়াও সকল ধরণের জলাশয় পরিষ্কারের তদারকি কাজে ওয়ার্ড ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্ত করার প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>সভাপতি বলেন, সম্মানিত কাউন্সিলরগণ মশা ধ্বংসের জন্য এলাকাভিত্তিক ডাটাবেইজ প্রস্তুত করবেন। হোয়াটসঅ্যাপ, সবার ঢাকা এ্যাপসের মাধ্যমে ছবি তুলে প্রদানের অনুরোধ করেন। এছাড়াও আগামী কর্পোরেশন সভায় সকল পরিচ্ছন্ন পরিদর্শক এবং ওয়ার্ড সচিবদের উপস্থিত রাখার জন্য অনুরোধ করেন।<br><br>জনাব রাজিয়া সুলতানা ইতি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫ বলেন, ঘূর্ণিঝড় সিত্রাঙ্গা এর প্রভাবে তার ওয়ার্ডে বিভিন্ন জায়গায় পানি উঠে জলাবদ্ধতা হয়েছে। এর জন্য মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>সভাপতি বলেন, কল্যাণপুর খালের ৫৩ একর জায়গার মধ্যে ৪৯ একর জায়গা অবৈধভাবে দখল হয়েছে মর্মে পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়েছে। বৃষ্টির জন্য কল্যাণপুর খাল সংশ্লিষ্ট ওয়ার্ডসমূহে ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।<br><br>তিনি বলেন, লার্ভিসাইডিং করার সময় জণগণ আওয়াজ না পাওয়ার অভিযোগ করছে। ৫৪টি ওয়ার্ডে লার্ভিসাইডিং এর সময় ঘন্টা বাজানো হচ্ছে। এছাড়াও একটি গান তৈরি করা হয়েছে মেগা ফোনের মাধ্যমে প্রচার করা হবে।<br><br>সভাপতি সম্মানিত কাউন্সিলরদের ওয়ার্ডভিত্তিক মশা প্রজননস্থলের স্থান বের করে ছবি তুলে পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়াও স্বাস্থ্য বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ এবং প্রকৌশল বিভাগকে সমন্বয় করে মশা নিধনের কাজ করার অনুরোধ করেন।<br><br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান যে, এ বছর বৃষ্টিপাত বেশি হওয়ার কারণে এডিস মশার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। জনমনে অসন্তোষ বিরাজ করছে। জনগণকে সম্পৃক্ত করে ১-৩০ নভেম্বর পর্যন্ত নিবিড়ভাবে মশক নিধনের কাজ করা হবে। হাউজিং সোসাইটির নেতৃবৃন্দ, মসজিদের ইমাম, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ সকলকে সম্পৃক্ত করে প্রচারণা চালাতে হবে।<br><br>তিনি সভাকে জানান যে, সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরগণ মশক নিধন কাজে সরাসরি সম্পৃক্ত হওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। সংশ্লিষ্ট সকলের সাথে সভা করে সিদ্ধান্ত নেয়া |

| | | |
|---|---|---|
| | | হয়েছে। শনি-মঙ্গলবার পর্যন্ত সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরগণ এবং বুধ-শুক্রবার পর্যন্ত সংরক্ষিত আসনের কাউন্সিলরগণ মশক নিধন কার্যক্রম তদারকি করবেন মর্মে সভায় প্রস্তাব উপস্থাপন করেন।<br>তিনি আরও বলেন, মশক নিধন কাজে ব্যবহৃত কীটনাশক এবং মেশিনগুলো পূর্বের ন্যায় সাধারণ ওয়ার্ড কাউন্সিলরগণের কাছেই সংরক্ষিত থাকবে।<br><br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মশক নিধনের জন্য একটি SOP তৈরি করবে। সে অনুযায়ী সকলে মিলে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>সভাপতি মশক নিয়ন্ত্রণ স্থায়ী কমিটিকে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আহ্বান করে ৩০ দিনের জন্য এডিস মশা ও কিউলেক্স মশা ধ্বংসের জন্য SOP তৈরি করার অনুরোধ করেন। |
| সিদ্ধান্ত | : | ১। মশক নিয়ন্ত্রণ স্থায়ী কমিটিকে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আহ্বান করে ৩০ দিনের জন্য এডিস মশা ও কিউলেক্স মশা ধ্বংসের জন্য SOP তৈরি করবে।<br><br>২। ডিএনসিসি'র আওতাধীন এলাকায় জলাশয় পরিষ্কারের তদারকি কাজে কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্ত করা হবে। |
| বাস্তবায়ন | : | সভাপতি, মশক নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৫ | : | ঢাকা মহানগরীতে বেওয়ারিশ কুকুর ও অন্যান্য পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদানের জন্য পশু হাসপাতাল এবং বৃক্ষ হাসপাতাল স্থাপন প্রসঙ্গে। |
| আলোচনা | : | সচিব সভাকে জানান, ঢাকা মহানগরীতে বেওয়ারিশ কুকুর ও অন্যান্য পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদানের জন্য পশু হাসপাতাল নেই। মাননীয় মেয়র ডিএনসিসি'র আওতাধীন এলাকায় একটি পশু হাসপাতাল ও একটি বৃক্ষ হাসপাতাল নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছেন।<br><br>সভাপতি বলেন, আমাদের বর্তমান প্রজন্ম পোষা প্রাণি ও বৃক্ষ পছন্দ করে। পশু হাসপাতাল অনেক দূরে অবস্থিত হওয়ায় নানান সমস্যার সম্মুখীন হয়। মিরপুরে অনেক জায়গা অবৈধভাবে দখল হয়ে আছে। দখলমুক্ত করে ২ বিঘা জমিতে ০২ টি হাসপাতাল নির্মাণ করা হবে। তিনি আরও বলেন, বাংলাদেশের ইতিহাসে ডিএনসিসি প্রথমবারের মতো এনিম্যাল ওয়েলফেয়ার ও বৃক্ষ হাসপাতাল নির্মাণের উদ্যোগ নিচ্ছে। উক্ত হাসপাতাল ০২টি নির্মাণের জন্য ০২ (দুই) বিঘা জায়গা বরাদ্দের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। |
| সিদ্ধান্ত | : | ঢাকা মহানগরীতে বেওয়ারিশ কুকুর ও অন্যান্য পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদানের জন্য পশু হাসপাতাল এবং বৃক্ষ হাসপাতাল নির্মাণের জন্য মিরপুরে ০২ (দুই) বিঘা জায়গা বরাদ্দের বিষয়ে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

**বিবিধ:**

২.০ বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে জনাব মোঃ আনিছুর রহমান নাইম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৯ "ব্লুমবার্গ ফিলানথ্রপিস অ্যাওয়ার্ড-২০২২" লাভ করায় সভার সভাপতি এবং ডিএনসিসি'র মাননীয় মেয়রকে অভিনন্দন জানান। তিনি বলেন, ডিএনসিসি'র মাননীয় মেয়রের প্রাপ্তি, উদ্যোগে অনুপ্রাণিত হয়ে সকলে কাজ করতে উদ্বুদ্ধ হবে। এছাড়াও তিনি তার এলাকায় খাল খননের জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিভাগকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনাব আব্দুল মতিন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৪১ বলেন, নতুন ওয়ার্ডগুলোর উন্নয়ন করে পরবর্তীতে এমন একটি পুরস্কার অর্জন করতে পারলে জনগণ খুশি হবে। তিনি বলেন, অঞ্চল-১০ এর অফিসে রাজস্ব আদায়ের ব্যবস্থা নেই। তাছাড়া অঞ্চল-১০ এর সেবা গ্রহণ করতে কারওয়ান বাজারে যেতে হচ্ছে। এতে করে জনগণ ভোগান্তি পোহাচ্ছে। অঞ্চল-১০ অফিস রয়েছে উল্লেখ করে অফিসের পরিধি বৃদ্ধির জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি নতুন আঞ্চলিক অফিসে জনবল নিয়োগের অনুরোধ জানান।

সভাপতি বলেন, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের সাথে আলাপ করে জনবল প্রদানের ব্যবস্থা করা হবে।

প্রধানা স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান যে, জন্মনিবন্ধন ওয়ার্ড কার্যালয় হতে প্রদানের বিষয়টি অনেক দূর এগিয়েছে। স্থান সংকুলান না থাকায় জন্মনিবন্ধন কার্যক্রম পরিচালনা সম্ভব নয় মর্মে ওয়ার্ড নং-১,২৪, ২৫ এবং ২৬ প্রত্যয়ন প্রদান করেছে।

সভাপতি ৫০টি ওয়ার্ডে জন্মনিবন্ধন কার্যক্রম প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও বাকী ওয়ার্ড নং-১,২৪, ২৫ এবং ২৬ এর সম্মানিত কাউন্সিলরগণকে জন্মনিবন্ধন প্রদানের সমস্যা নির্ধারণ করে দ্রুততম সময়ের মধ্যে সমাধানের অনুরোধ করেন।

জনাব মোঃ মফিজুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ "ব্লুমবার্গ ফিলানথ্রপিস অ্যাওয়ার্ড-২০২২" লাভ করায় অভিনন্দন জানান। ডিএনসিসি'র মাননীয় মেয়র মন্ত্রী পদমর্যাদা এবং "ব্লুমবার্গ ফিলানথ্রপিস অ্যাওয়ার্ড-২০২২" লাভ করায় কর্পোরেশনের পক্ষ হতে আগামী ১৭ নভেম্বর ২০২২ তারিখে মাননীয় মেয়রকে সংবর্ধনা প্রদানের প্রস্তাব করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, মাননীয় মেয়র আগামী ১২-১৭ নভেম্বর বিদেশ সফরে থাকবেন। মেয়র মহোদয়ের একান্ত সচিবের সঙ্গে আলোচনা করে সংবর্ধনা অনুষ্ঠানের তারিখ নির্ধারণের পরামর্শ প্রদান করেন।

সভাপতি বলেন, ভলিবলের মানোন্নয়নের লক্ষ্যে সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশ ভলিবল ফেডারেশন আবেদন জানিয়েছেন। ক্রীড়াঙ্গনকে বিকশিত করার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও বাংলাদেশ ভলিবল ফেডারেশন এর মধ্যে পারস্পরিক সহযোগিতা প্রদানের জন্য ৫(পাঁচ) বছর মেয়াদী একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করা যেতে পারে। ইতোমধ্যে "সমঝোতা চুক্তিপত্র"টি আইন শাখার মাধ্যমে ভেটিং সম্পন্ন হয়েছে। উক্ত সমঝোতা চুক্তির মেয়াদকালিন প্রতি বছর সর্বোচ্চ ১৫ (পনের) হতে ২০ (বিশ) লক্ষ টাকা বাংলাদেশ ভলিবল ফেডারেশনকে প্রদানের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়।

উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর উক্ত প্রস্তাবের সাথে একমত প্রকাশ করেন।

সভাপতি সভাকে জানান যে, নগর পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনা বৃদ্ধির জন্য টিভিসি প্রস্তুত করা হয়েছে। ইউনিসেফ কর্তৃক প্রদানকৃত ফান্ড দিয়ে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। নগর পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে ব্যাপক প্রচার প্রসারে সকলের সহযোগিতা কামনা করেন।

### ২.১ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত বিবিধ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | বিহারীদের পুনর্বাসনের জন্য সম্পত্তি বিভাগকে সংশ্লিষ্ট সকল সম্মানিত কাউন্সিলরদের সমন্বয়ে সরকারি খাসজমির তালিকা তৈরি করে আগামী ০৭ দিনের মধ্যে প্রস্তাবনা দাখিলের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট সকল সম্মানিত কাউন্সিলর<br>সম্পত্তি বিভাগ |

| | | |
|---|---|---|
| ২. | নতুন অঞ্চলে কার্যক্রম পরিচালনার জন্য জনবল প্রদান করা হবে। | সচিব |
| ৩. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও বাংলাদেশ ভলিবল ফেডারেশন এর মধ্যে ৫(পাঁচ) বছর মেয়াদী একটি "সমঝোতা চুক্তি" স্বাক্ষর করা হবে। উক্ত সমঝোতা চুক্তির মেয়াদকালিন প্রতি বছর সর্বোচ্চ ১৫ (পনের) হতে ২০ (বিশ) লক্ষ টাকা বাংলাদেশ ভলিবল ফেডারেশনকে প্রদান করা হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তিউন্নয়ন কর্মকর্তা।<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |

৩.০ এ পর্যায়ে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত TOR" সংশোধনী প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

প্রাথমিক বর্জ্য সংগ্রহে "আবেদনপত্র" আহ্বানের মাধ্যমে সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যান সার্ভিস) নিবন্ধনের জন্য পূর্ববর্তী TOR সংশোধনী প্রস্তাবঃ

অনুচ্ছেদ ৩। "প্রতি ওয়ার্ডের জন্য উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে একটি ঠিকাদারি প্রতিষ্ঠান নির্বাচন করা" এর পরিবর্তে "আবেদনপত্র আহ্বানের মাধ্যমে প্রতি ওয়ার্ডের একটি সেবাদানকারী প্রতিষ্ঠানকে নিবন্ধন দেয়া হবে" সংযোজন এবং এর জন্য আনুষঙ্গিক সংশোধনসমূহ করা হবে। যেমনঃ

- শিরনামঃ "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ড সমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR)" এর পরিবর্তে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ড সমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহের সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যান সার্ভিস) নিবন্ধন সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR)"
- প্রতিটি "দরপত্র" এর পরিবর্তে "আবেদনপত্র" এবং "ঠিকাদারি প্রতিষ্ঠানের" পরিবর্তে "সেবাদানকারী প্রতিষ্ঠান" সংযোজন।

"অনুচ্ছেদ ২০। **আবেদনপত্র সংগ্রহের বিধানঃ-**

ক। প্রতিটি আবেদনপত্র সংগ্রহের জন্য "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" অনুকূলে ৫০০০ (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মূল কপি জমা দিতে হবে।"

**৩.১ সিদ্ধান্ত :** প্রাথমিক বর্জ্য সংগ্রহে "আবেদনপত্র" আহ্বানের মাধ্যমে সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যান সার্ভিস) নিবন্ধনের জন্য পূর্ববর্তী TOR সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৪.০ প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, ডিএনসিসি'র নামকরণ উপকমিটির সভায় পূর্বে নামকরণকৃত **"শহীদ তাজউদ্দিন আহমেদ স্মৃতি পার্ক"** (সাবেক ওয়ান্ডার ল্যান্ড পার্ক) নামটি সংশোধন করতঃ **"শহীদ তাজউদ্দিন আহমদ স্মৃতি পার্ক"** নামকরণের সুপারিশ সহ কর্পোরেশন সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি ডিএনসিসি'র নামকরণ উপকমিটির সুপারিশমতে পূর্বে নামকরণকৃত **"শহীদ তাজউদ্দিন আহমেদ স্মৃতি পার্ক"** (সাবেক ওয়ান্ডার ল্যান্ড পার্ক) নামটি সংশোধন করতঃ **"শহীদ তাজউদ্দিন আহমদ স্মৃতি পার্ক"** নামকরণের সিদ্ধান্ত গ্রহণের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।

৪.১ **সিদ্ধান্ত :** পূর্বে নামকরণকৃত **"শহীদ তাজউদ্দিন আহমেদ স্মৃতি পার্ক"** (সাবেক ওয়ান্ডার ল্যান্ড পার্ক) নামটি সংশোধন করতঃ **"শহীদ তাজউদ্দিন আহমদ স্মৃতি পার্ক"** নামকরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৫.০ প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, বিগত ১১ আগস্ট ২০২২ তারিখ মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ সভার সিদ্ধান্ত ক্রমিক-১০ মোতাবেক ডিএনসিসি'র ৮নং ওয়ার্ডে অবস্থিত "নিউটন

কমিউনিটি সেন্টার" এর নাম সংশোধন করে **"৮নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার"** নামে নামকরণের সুপারিশসহ কর্পোরেশন সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সে প্রেক্ষিতে তিনি ডিএনসিসি'র ৮নং ওয়ার্ডে অবস্থিত **"নিউটন কমিউনিটি সেন্টার"** এর নাম সংশোধন করে **"৮নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার"** নামে নামকরণের সিদ্ধান্ত গ্রহণের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।

৫.১ **সিদ্ধান্ত :** ডিএনসিসি'র ৮নং ওয়ার্ডে অবস্থিত **"নিউটন কমিউনিটি সেন্টার"** এর নাম সংশোধন করে **"৮নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার"** নামে নামকরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০-৬৪৪ তারিখ: ১২/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ............................... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .......... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৪ ও ৫:) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, .......................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রকল্প পরিচালক, .......................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. নির্বাহী প্রকৌশলী, .......................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. কর কর্মকর্তা, .......................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা .......................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ....................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

১২/১১/২০২২

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।